

কম্পিউটার সেল
প্রাপ্তি নং ২২১২
তারিখ ২২/৬/১৬

খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

স্বাক্ষর

“পুনঃ নিলাম বিজ্ঞপ্তি”

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষের নিম্নলিখিত মালামাল নিলামে ক্রয়ের জন্য কেডিএ'র তালিকাভুক্ত ঠিকাদার/আগ্রহী ব্যক্তিগণ/প্রতিষ্ঠান/একক ব্যক্তি এর নিকট হতে সীল মোহরকৃত খামে নিলাম দরপত্র আহবান করা যাচ্ছে। নিলাম দরপত্র সমূহ আগামী ২৯/০৬/২০১৬ ইং তারিখ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে গৃহীত হবে এবং ঐ দিনই নিলাম দরপত্রদাতাগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। নিলাম দরপত্রদাতাগণ কর্তৃক নিম্নে উল্লেখিত নিলাম সিকিউরিটি (আপেক্ষমানি) যে কোন ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (এমআইসিআর) আকারে কেডিএ'র চেয়ারম্যানের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় নিলাম দরপত্র বাতিল বলে গণ্য হবে।

ক্রমিক নং	নিলামের বিষয়	নিলাম সিকিউরিটি মানি উদ্ধৃতদরে	সিডিউলের মূল্য (অফেরতযোগ্য)
০১।	কেডিএ'র বাস্তবায়নাধীন কৃষ্ণনগর ও চকমথুরাবাদ মৌজায় ময়ূরী আবাসিক প্রকল্পের স্থাপনা (কাঁচা ও পাকা) ও বিভিন্ন প্রকারের গাছ ইত্যাদি নিলামে বিক্রয়। যেখানে যে অবস্থায় আছে সেই অবস্থায়।	১০%	টঃ ৫০০.০০

মালামাল ডেলিভারী গ্রহণের সময়সীমা	:	মালামাল ডেলিভারী আদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে।
নিলাম দরপত্র বিক্রয় ও গ্রহণকারী দপ্তরের নাম	:	কেডিএ অফিস, খুলনা, ডিসি অফিস, কেসিসি, কেএমপি, খুলনা।
নিলাম দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	:	২৮/০৬/২০১৬ ইং (অফিস চলাকালীন সময়ে)
নিলাম দরপত্র গ্রহণের তারিখ	:	২৯/০৬/২০১৬ ইং (১২.০০ ঘটিকা পর্যন্ত)
নিলাম দরপত্র খোলার তারিখ ও স্থান	:	২৯/০৬/২০১৬ ইং বেলা ৩.০০ ঘটিকায় কেডিএর সম্মেলন কক্ষে।
মালামালের বিবরণ	:	সিডিউলে উল্লেখিত মালামাল।
বিশেষ শর্তাবলী	:	(ক) নিলাম দাতাগণ পোস্ট/কুরিয়ার সার্ভিস এর মাধ্যমেও তাদের দরপত্র পাঠাতে পারবেন। তবে তাদের নিলাম অবশ্যই নির্ধারিত তারিখ বেলা ১২.০০ ঘটিকার মধ্যে সিনিয়র বৈষয়িক অফিসার, কেডিএ, খুলনার নিকট পৌছাতে হবে। অন্যথায় তাদের দরপত্র বিবেচনা করা হবে না। সরকার কর্তৃক প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট ও আয়কর কর্তন করা হবে। (খ) কোন কারণ না দর্শিয়ে যে কোন নিলাম দরপত্র গ্রহণ বা বাতিল করা এবং প্রয়োজনবোধে নিলাম দরপত্রের যে কোন আইটেম পরিবর্তন, পরিবর্ধন বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। (গ) নিলাম দরপত্র দাখিলের পূর্বে সরেজমিনে দেখে দরপত্র দাখিল করতে হবে। পরে কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবেনা।

সিনিয়র বৈষয়িক অফিসার
খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

২২/৬/১৬